বাংলা • BENGALI

# নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি টুলকিট

অভিবাসী নিউ ইয়র্কের অধিবাসীদের একটি রিসোর্স গাইড

সেপ্টেম্বর/ অক্টোবর 2025





**New York Immigration Coalition**

nyic.org

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন এই টুলকিটটি আমাদের সমাজের সদস্য, অংশীদার ও সহযোগীদের জন্য একটি সম্পদ হিসেবে তৈরী করেছে।আইন এবং নীতির পরিবর্তনের সাথে এটি নিয়মিত ভাবে সংশোধন করা হয়ে থাকে।

সর্বশেষ সংশোধিত নীতিমালা: 10.28.2025

## সূচীপত্র


- স্বাস্থ্য 3
- অভিবাসন নীতির নব সংযোজন 5
- আটক বিষয়ক সহায়তা 8
- পারিবারিক সংস্থান 9
- স্কুল ও শিক্ষা 10
- আর্থিক ক্ষমতায়ন 11
- গণতন্ত্র 12
- আপনার অধিকার জানুন 13
- ঘৃণা সংক্রান্ত অপরাধ 14
- NYS সম্ভার 15

# স্বাস্থ্য




**স্বাস্থ্য বীমা**

- NY স্টেট অফ হেলথের মাধ্যমে নিউ ইয়র্কবাসীরা পাবলিক ও কমার্শিয়াল হেলথ ইন্সিওরেন্স লাভ করতে পারবেন।
  - আপনি যদি মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান বা চাইল্ড হেলথ প্লাসের জন্য যোগ্যতালাভ করেন, তাহলে বছরের যেকোন সময় নথিভুক্ত হওয়া যাবে।
  - কমার্শিয়াল হেলথ ইন্সিওরেন্সে নথিভুক্তির সময়কাল এখন শেষ হয়েছে
    - নথিভুক্তির সময়কাল থাকবে 1লা নভেম্বর থেকে 15ই জানুয়ারি পর্যন্ত খোলা থাকবে।
- কিভাবে নিবন্ধন করবেন
  - ব্যক্তিগতভাবে বা ফোনে বিনামূল্যে তালিকাভুক্তি সহায়তা পেতে একজন নেভিগেটরের সাথে যোগাযোগ করুন। একজন নেভিগেটর সনাক্ত করতে info.nystateofhealth.ny.gov/ipanavigatorsitelocations-এ যান।
  - NY স্টেট অফ হেলথ কাস্টমার সার্ভিস সেন্টারে যোগাযোগের জন্য 1-855-355-5777 ডায়াল করুন।
  - অনলাইনে nystateofhealth.ny.gov দেখুন। আপনি কাস্টমার কেয়ার সেন্টারের সময় ওয়েবসাইটের চ্যাট বৈশিষ্ট্য ব্যবহার করে আপনার আবেদন শেষ করতে পারেন।
  - সহায়তা এবং আরও তথ্যের জন্য, নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা 311 ডায়াল করতে পারেন বা 877-877 নম্বরে "CoveredNYC" লিখতে পারেন। অথবা আরো সাহায্যের জন্য on.nyc.gov/healthinsurance-এও যেতে পারেন।
- info.nystateofhealth.ny.gov/InformationalMaterials-এ স্বাস্থ্য কভারেজ সম্পর্কে বহুভাষিক তথ্য খুঁজে পাবেন।

**ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট (OBBBA)**

- যুক্তরাষ্ট্রীয় সরকার সম্প্রতি ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট (OBBBA) পাস করেছে।
- এই OBBBA আইনের প্রভাব মেডিকেইড ও এসেনশিয়াল প্ল্যানের উপর পড়তে পারে, তবে এক্ষুনি কোনও পরিবর্তন ঘটানো হচ্ছে না। যোগ্যতা ও প্রাপ্ত সুফল বর্তমানে একই থাকছে।
- সাম্প্রতিক তথ্য জানার জন্য, দেখুন info.nystateofhealth.ny.gov/stay-connected

**DACA প্রাপকদের ক্ষেত্রে হেলথ কভারেজে পরিবর্তন**

- 31শে আগস্ট, 2025 থেকে, DACA প্রাপকেরা অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট (ACA) স্বাস্থ্যবিমা প্ল্যান লাভের যোগ্যতা হারাবেন।
- এসেনশিয়াল প্ল্যান বা কোয়ালিফায়েড হেলথ প্ল্যানের মত অন্যান্য প্ল্যানের যোগ্যতালাভের ক্ষেত্রে কোনও পরিবর্তন আনা হচ্ছে না।
- DACA প্রাপকদের ক্ষেত্রে হেলথ কভারেজ সম্পর্কে আরও তথ্য জানার জন্য, দেখুন nilc.org/resources/affordable-care-act-for-daca-recipients-a-guide-to-apply
- শীঘ্রই DACA প্রাপকদের জন্য হেলথ কভারেজে আরও কিছু পরিবর্তন আনা হতে পারে। এই পরিবর্তনগুলির খবর জানতে, চোখ রাখুন এখানে- healthcare.gov.

**নিউ ইয়র্ক রাজ্যে কাগজ না থাকা অভিবাসীদের জন্য মেডিকেইড কভারেজ**

- নিউ ইয়র্ক রাজ্যে 65 বছর ও তার বেশি বয়সী যেসব অভিবাসীর কাগজ নেই এবং আয়ের নির্দিষ্ট কিছু শর্ত পূরণ করেন, তারা সম্পূর্ণ মেডিকেইডের যোগ্যতা পাবেন (শুধুমাত্র এমার্জেন্সি মেডিকেইডের জায়গায়)
- কাগজ না থাকা 19 বছরের কমবয়সী বাচ্চারা চাইল্ড হেলথ প্লাস (CHP) এর জন্য যোগ্যতা পাবে, যেখানে আয় অথবা অভিবাসন স্থিতি নির্বিশেষে বিনামূল্যে অথবা স্বল্প মূল্যের বিনিময়ে স্বাস্থ্যবিমা দেওয়া হবে।
- মেডিকেইড 'পাবলিক চার্জ' হিসাবে গণ্য হয় না এবং গ্রিন কার্ডের যোগ্যতালাভের উপর কোনও প্রভাব ফেলে না।
- কীভাবে নথিভুক্ত হবেন
  - বর্তমানে আপনার যদি এমার্জেন্সি মেডিকেইড থাকে, তাহলে NY স্টেট অফ হেলথ-এর পত্রে দেওয়া নির্দেশ অনুসরণ করে আপনি সম্পূর্ণ মেডিকেইডে পাল্টে নিতে পারবেন।
    - ইচ্ছা হলে আপনি শুধুমাত্র এমার্জেন্সি মেডিকেইড পাওয়াই চালিয়ে যেতে পারবেন।
  - আপনার যদি বিমা না থাকে এবং আগে থেকে এমার্জেন্সি মেডিকেইড না থাকে, তাহলে অবশ্যই সোশ্যাল সার্ভিসের স্থানীয় বিভাগ অথবা নিউ ইয়র্ক সিটি হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে আপনাকে আবেদন জানাতে হবে।
  - আপনার যদি সহায়তার প্রয়োজন হয় অথবা যদি কোনও প্রশ্ন থাকে, তাহলে 1-855-355-5777 নম্বরে NY স্টেট অফ হেলথ-এ কল করুন। এখানে ভাষাগত সহায়তা পাওয়া যাবে।

**ক্যানসার পরীক্ষা**

- নিয়মিত ক্যানসারের পরীক্ষা করাতে থাকলে প্রথম দিকেই ক্যানসার ধরে ফেলা যায়, যখন এটা খুব সহজেই সারানো যাবে।
- বেশীরভাগ স্বাস্থ্য বিমা প্ল্যানই ক্যানসার পরীক্ষা কভার করে।
- আপনার যদি বিমা করানো না থাকে, NYS ব্রেস্ট, সার্ভিকাল ও কোলোরেক্টাল ক্যানসারের জন্য বিনামূল্যে পরীক্ষা করানোর সুযোগ দেয়।
- আরও তথ্যের জন্য, দেখুন health.ny.gov/diseases/cancer/services

# স্বাস্থ্য



**নিরাপদ ও কার্যকরী COVID-19, ফ্লু ও RSV টিকা উপলব্ধ রয়েছে**

- স্বাস্থ্য সুরক্ষিত রাখতে ও গুরুতর অসুস্থতা আটকাতে টিকা সবথেকে শক্তিশালী উপায়গুলির মধ্যে একটি। এগুলি যত্নের সাথে পরীক্ষা করা হয়, নিরীক্ষণে রাখা হয় এবং বিশ্বস্ত চিকিৎসা বিশেষজ্ঞ দ্বারা সুপারিশ করা হয়।
- আপনার ও আপনার পরিবারের জন্য একেবারে সঠিক সিদ্ধান্ত নিতে CDC, নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগ অথবা আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদাতার মত বিশ্বস্ত সূত্রের উপর ভরসা করুন।
- একটি আপডেট হওয়া 2025-2026 COVID-19 টিকা এখন উপলব্ধ রয়েছে।
  - নতুন COVID টিকায় সেই সমস্ত সাম্প্রতিক ভাইরাল স্ট্রেইনগুলিকে যোগ করা হয়েছে যা নিউ ইয়র্ক ও U.S.-এ দেখতে পাওয়া গেছে।
  - FDA পরামর্শ দেয় যে 65 বছর ও তার বেশি বয়সী এবং অন্ততপক্ষে একটি কোমর্বিডিটি (গুরুতর অসুখ) থাকা 12-64 বছর বয়সী ব্যক্তিদের বুস্টার নেওয়া উচিৎ।
  - 2024-2025 COVID-19 টিকা সম্পর্কে আরও তথ্য জানতে, দেখুন cdc.gov/covid/vaccines
  - আপনার নিকটবর্তী স্থানে আপডেট হওয়া টিকা পেতে, দেখুন vaccines.gov
  - আপনি যদি COVID-19 এর উপসর্গ দেখতে পান বা এই অসুখে আক্রান্ত রোগীর সংস্পর্শে আসেন, আপনার পরীক্ষা করিয়ে নেওয়া উচিৎ।
    - COVID-19 পরীক্ষা করিয়ে নিলে অসুস্থ হয়ে পড়লে কি করা উচিৎ তা আপনি স্থির করতে পারবেন, যেমন গুরুতর অসুস্থ হওয়ার আগেই চিকিৎসা শুরু করা অথবা রোগ ছড়িয়ে পরা আটকাতে নিজেকে অন্যদের থেকে আলাদা করে রাখুন।
- 2025-2026 ফ্লু ভ্যাক্সিন পাওয়া যাবে 2025 সালের শরৎ মরশুম থেকে।
  - এই সাম্প্রতিকতম ফ্লুয়ের টিকা ফ্লুয়ের তিনটি স্ট্রেইনের বিরুদ্ধে সুরক্ষা জোগায়।
  - 6 মাস ও তার থেকে বেশি বয়সী যেকোনো ব্যক্তির জন্য CDC এই ফ্লুয়ের টিকা নেওয়ার সুপারিশ জানাচ্ছে।
  - 65 বছর ও তার থেকে বেশি বয়সের মানুষ, নির্দিষ্ট কোনও দীর্ঘস্থায়ী অসুখে আক্রান্ত ব্যক্তি, ছোট ছেলে-মেয়ে ও শিশু এবং গর্ভবতীদের ক্ষেত্রে ফ্লু থেকে গুরুতর জটিলতা তৈরি হওয়ার ঝুঁকি বেশি থাকে।
- রেসপিরেটোরি সিনসিশিয়াল ভাইরাসের (RSV) টিকা এখন নেওয়ার জন্য উপলব্ধ রয়েছে।
  - এই টিকা RSV এর কারণে হওয়া শ্বাসনালীর নীচের অংশের রোগ প্রতিরোধ করতে সহায়তা করে।
  - ব্যক্তিদের বয়স ও অন্যান্য ঝুঁকির বিষয়ের উপর নির্ভর করে এই টিকা সুপারিশ করা হয়।
    - 75 বছর ও তার বেশি বয়সী মানুষদের এই টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হয়।
    - গুরুতর RSV এর অধিক ঝুঁকি রয়েছে কিনা তা জানার জন্য, 60 থেকে 74 বছর বয়সী মানুষদের উচিৎ নিজের চিকিৎসকের সাথে কথা বলা।
    - গর্ভবতীরা সন্তানকে RSV থেকে সুরক্ষিত রাখার জন্য মাতৃত্বকালীন টিকা নিতে পারেন। আরও জানার জন্য গর্ভবতীরা নিজেদের প্রসূতি বিশেষজ্ঞ/ স্ত্রীরোগ বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করতে পারেন।
  - RSV প্রতিরোধ করতে সদ্যজাত শিশু ও ছোট্ট বাচ্চাদের জন্য নির্সেভিম্যাব ও ক্লেসরোভিম্যাব নামের দুটি ওষুধও রয়েছে।

**হামের প্রকোপ ও টিকা**

- সম্প্রতি হামের অনেকগুলি ঘটনা সামনে এসেছে, এই ভাইরাস সংক্রমণ ছোট বাচ্চাদের জন্য খুবই বিপজ্জনক।
- হাম বা মিসলস্ প্রতিরোধ করার একটি কার্যকরী উপায় হল মিসলস্, মাম্পস ও রুবেলা (MMR) টিকা নেওয়া।
  - MMR টিকা 2টি ডোজে দেওয়া হয়। প্রথম ডোজটি 12-15 মাস বয়সে ও দ্বিতীয়টি 4-6 বছর বয়সে দেওয়া হয়।
  - টিকা না নেওয়া বাচ্চা, কিশোর-কিশোরী ও প্রাপ্তবয়স্করা অভাব পুষিয়ে নেওয়ার জন্য 4 সপ্তাহের ব্যবধানে 2টি ডোজ নিতে পারেন।
- আরও তথ্যের জন্য, দেখুন cdc.gov/measles

**HPV টিকা**

- HPV এমন একটি ভাইরাস যা ত্বকের সাথে ত্বকের ছোঁয়া লেগে ছড়ায় আর সার্ভিকাল ও থ্রোট ক্যানসারের মত বিভিন্ন ক্যানসারের কারণ হয়।
- 26 বছরের কমবয়সী প্রত্যেককে HPV টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।
  - 11–12 বছরের বাচ্চাদের 6 থেকে 12 মাসের ব্যবধানে 2টি ডোজ নিতে হবে।
  - 15 থেকে 26 বছর বয়সীদের 6 মাস ধরে 3টি ডোজ নেওয়া উচিৎ।
- 27 বছরের বেশি বয়স হলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী কাজ করবেন।
- আরও তথ্যের জন্য, দেখুন cdc.gov/hpv/vaccines

# অভিবাসন নীতির নব সংযোজন



**নতুন অভিবাসন মূল্য**

- যুক্তরাষ্ট্রীয় কর ও ব্যয়ের বিল HR. 1 আইনে পরিণত হওয়ার পরে, বহু অভিবাসন নথিভুক্তির পারিশ্রমিক বদলেছে অথবা বেড়ে গেছে।
- পারিশ্রমিকের এই বৃদ্ধি 22শে জুলাই, 2025 ও 21শে আগস্ট, 2025 থেকে কার্যকর হয়েছে।
- পারিশ্রমিক ছাড়ের পলিসিও কিছু নথিভুক্তি প্রক্রিয়ার মধ্যে সীমিত রাখা হয়েছে।
- আবেদনকারীদের জানা দরকার এমন কিছু পরিবর্তিত পারিশ্রমিক হল:
  - শরণার্থী হওয়ার আবেদন
    - আগের পারিশ্রমিক: $0
    - নতুন পারিশ্রমিক: $100
    - এখন থেকে শরণার্থীদের রক্ষণাবেক্ষণের পারিশ্রমিক হিসাবেও বছরে $100 দিতে হবে
    - এই পারিশ্রমিকে কোনও ছাড় দেওয়া হবে না।
  - এমপ্লয়মেন্ট অথরাইজেশন ডকুমেন্ট (EAD) / কাজের অনুমতি সংক্রান্ত আশ্রয়
    - আগের পারিশ্রমিক: $0
    - নতুন পারিশ্রমিক: $550 (প্রথমবার আবেদন করার ক্ষেত্রে)
    - নতুন পারিশ্রমিক: $275 রিনিউ করার পারিশ্রমিক
  - টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (TPS)
    - আগের পারিশ্রমিক: $50
    - নতুন পারিশ্রমিক: $550
  - স্পেশাল ইমিগ্র্যান্ট জুভেনাইল (SIJ)
    - আগের পারিশ্রমিক: $0
    - নতুন পারিশ্রমিক: $250
  - প্যারোল
    - আগের মূল্য: বিভিন্ন
    - নতুন অতিরিক্ত মূল্য: $1,000
    - এই নতুন অতিরিক্ত মূল্য সেইসব মানুষের জন্য যাদের প্যারোল মঞ্জুর হয়েছে এবং যারা মার্কিন যুক্তরাষ্ট্রে রয়েছেন।
    - যদি/যখন আপনার প্যারোল মঞ্জুর হয় শুধুমাত্র তখনই এই অতিরিক্ত মূল্য চেয়ে নেওয়া হয়। ফর্ম I-131 জমা দেওয়ার সময় এই অতিরিক্ত মূল্য দেবেন না।
- নতুন অভিবাসন পারিশ্রমিক ও আগের পারিশ্রমিকের সাথে তুলনার সম্পূর্ণ তালিকা দেখতে, যান- immigrantjustice.org/research/explainer-trump-and-congresss-punishing-new-immigration-fees


**ভ্রমণে নিষেধাজ্ঞা**

- 9ই জুন তারিখে, ট্রাম্প প্রশাসন ভ্রমণের উপর একটি নিষেধাজ্ঞা জারি করেছে যার ফলে 19টি দেশের মানুষ U.S.-তে বেড়াতে আসার ক্ষেত্রে বাধার সম্মুখীন হবেন।
- আফগানিস্তান, বার্মা, চাদ, রিপাবলিক অফ কঙ্গো, ইকুয়েটোরিয়াল গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান ও ইয়েমেন দেশের উপর সম্পূর্ণ ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।
- বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওনি, টোগো, তুর্কমেনিস্তান ও ভেনেজুয়েলার উপর আংশিক ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।
- এইসব দেশের মানুষ যারা U.S.-এর বাইরে রয়েছেন তাদের প্রত্যেকের উপর এই নিষেধাজ্ঞা প্রযুক্ত হচ্ছে এবং সশরীরে U.S.-এ প্রবেশ করার ক্ষেত্রে সীমাবদ্ধতা তৈরি হচ্ছে, সেইসঙ্গে সম্ভাব্য ভিসা রিনিউ বা সম্প্রসারণও সীমিত করা হচ্ছে।
  - ভ্রমণের আংশিক নিষেধাজ্ঞার ক্ষেত্রে ব্যবসা, পর্যটক ও পরিবার-ভিত্তিক ভিসা পাওয়া যাবে না।
  - ভ্রমণের সম্পূর্ণ নিষেধাজ্ঞার ক্ষেত্রে ব্যবসা, পর্যটক ও পরিবার-ভিত্তিক ভিসা পাওয়া যাবে না, সেইসঙ্গে স্থায়ী বসবাসের ভিসা, যা "অভিবাসী বা ইমিগ্র্যান্ট ভিসা" নামে পরিচিত, সেগুলিও পাওয়া যাবে না।
- এই নিষেধাজ্ঞা বর্তমান গ্রীন কার্ড হোল্ডার, কিছু আপদকালীন ফ্যামিলি ভিসা বা স্পেশাল ইমিগ্র্যান্ট ভিসা থাকা আফগানদের উপর প্রযোজ্য হবে না।
- আপনি যদি এই দেশগুলির একটির বাসিন্দা হন এবং আপনার ভিসা নিয়ে চিন্তা থাকে, তাহলে একজন আইনজীবীর সাথে কথা বলুন।

**CBP ওয়ান প্যারোল এবং কিউবান, হাইতিয়ান, নিকারাগুয়ান ও ভেনেজুয়েলানদের (CHNV) জন্য প্যারোল**

- সেইসব মানুষদের প্যারোল স্ট্যাটাস বাতিল করার চেষ্টায় সরকার বিজ্ঞপ্তি পাঠিয়েছে, যারা U.S.-এ এসেছেন:
  - একটি CBP ওয়ান অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে; এবং
  - কিউবা, হাইতি, নিকারাগুয়া ও ভেনেজুয়েলা প্যারোল প্রোগ্রামের (CHNV) অধীনে
- DHS প্যারোলিদের ইমেল, চিঠি বা অ্যাপের মাধ্যমে বিজ্ঞপ্তি পাঠিয়েছে।
- আপনি যদি CBP ওয়ান বা CHNV ব্যবহার করে U.S.-এ এসে থাকেন এবং অন্য কোনও অভিবাসন সুবিধার জন্য আবেদন না করে থাকেন:
  - আপনার প্যারোল স্ট্যাটাস ও কাজের অনুমতি আর বৈধ থাকবে না।
  - আপনাকে আটক করা ও দেশ থেকে বের করে দেওয়া হতে পারে।
- আপনি যদি আশ্রয়ের মত অন্যান্য অভিবাসন সুবিধার জন্য USCIS-এর কাছে আবেদন জানিয়ে থাকেন, তাহলে আপনি সেই সুবিধা চাওয়ার কাজ চালিয়ে যেতে পারবেন এবং সেই সুবিধার মাধ্যমে কাজের অনুমতি পাওয়ার যোগ্যতা লাভ করতে পারবেন।
- আপনি যদি একটি বিজ্ঞপ্তি পান যে আপনার প্যারোল স্ট্যাটাস বাতিল করা হয়েছে, তাহলে নিজের বিকল্পগুলি বুঝে নেওয়ার জন্য যত শীঘ্র সম্ভব একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলুন।

# অভিবাসন নীতির নব সংযোজন



**ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল**
**(DACA / Deferred Action for Childhood Arrivals)**

- বর্তমানে, DACA সম্পর্কে আদালতে সিদ্ধান্ত নেওয়া চলছে। অর্থাৎ এই প্রোগ্রামের ভবিষ্যৎ এখনও অনিশ্চিত।
  - আরও জানতে, দেখুন homeishere.us/daca-guidance
- 12ই মার্চ, 2025 তারিখে, আদালতের সাম্প্রতিকতম সিদ্ধান্ত প্রথমবার DACA-এর জন্য আবেদন জানানোর অনুমতি দিয়েছে। তবে, USCIS-এর পক্ষ থেকে এখনও নতুন কোনও নির্দেশ জারি করা হয়নি।
  - আপনি যদি DACA-এর জন্য যোগ্যতাসম্পন্ন হন এবং প্রথমবার আবেদন করার করা ভাবেন, তাহলে আবেদন জানানোর আগে একজন বিশ্বস্ত অভিবাসন আইনজীবীর পরামর্শ নিন।
- ইতিমধ্যে, DHS পুনর্নবীকরণ DACA অনুরোধগুলি গ্রহণ এবং প্রক্রিয়া চালিয়ে যাবে (ওয়ার্ক পারমিট এবং অগ্রিম প্যারোলের অনুরোধ সহ)। DHS গ্রহণ করবে কিন্তু প্রাথমিক DACA অনুরোধ প্রক্রিয়া করবে না।
  - বর্তমানে আপনার যদি DACA থাকে আপনার স্থিতি এখনও বৈধ আছে।
  - আপনার DACA-এর মেয়াদ যদি আগামী ছয় মাসের মধ্যে শেষ হওয়ার থাকে, তাহলে এখনই রিনিউ করুন!
  - যদি আপনি USCIS–এ প্রথমবার প্রাথমিক DACA আবেদন জমা দিয়ে থাকেন যা এখনও অনুমোদিত হয়নি, সেই আবেদনটি স্থগিত রাখা হবে। পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত এটি প্রক্রিয়া করা হবে না।
- যে ব্যক্তিরা আগে ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল (DACA) পেয়েছিলেন তারা এখন ফর্ম I-821D (DACA পুনর্নবীকরণ আবেদন) এবং I-765 (ওয়ার্ক পারমিট পুনর্নবীকরণ আবেদন) অনলাইনে ফাইল করতে পারেন।
  - যাদের বর্তমানে DACA রয়েছে অথবা যাদের DACA এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে এক বছর পূর্ণ হয়নি তারা অনলাইনে ফাইল করতে পারবেন।
  - DACA সম্পর্কে এবং আপনার DACA স্ট্যাটাস কীভাবে আবার নতুন করে শুরু করবেন সেই সম্পর্কে আরও জানতে, দেখুন uscis.gov/DACA ।

**অস্থায়ী সুরক্ষিত অবস্থা**
**(TPS / Temporary Protected Status)**

- মার্কিন সরকার TPS এর জন্য একটি বিদেশী দেশকে মনোনীত করতে পারে যদি কিছু শর্ত যেমন সশস্ত্র সংঘাত বা প্রাকৃতিক দুর্যোগ সেই দেশের নাগরিকদের নিরাপদে ফিরে আসতে বাধা দেয়।
- একটি নির্দিষ্ট সময়ের মধ্যে, যারা TPS এর জন্য আবেদন করে এবং মনজুরকরে:
  - নির্বাসন থেকে সুরক্ষিত
  - একটি ওয়ার্ক পারমিট এবং সামাজিক নিরাপত্তা নম্বর পেতে পারেন
  - ভ্রমণের অনুমোদন দেওয়া হতে পারে
  - তাদের অভিবাসন অবস্থার কারণে DHS দ্বারা আটক করা যাবে না
- TPS হল একটি অস্থায়ী সুবিধা যা স্থায়ী অবস্থার দিকে নিয়ে যায় না। যাইহোক, TPS হোল্ডাররা অন্য যেকোন অভিবাসন সুবিধা বা অ-অভিবাসী অবস্থার জন্য আবেদন করতে পারেন যার জন্য তারা যোগ্য।
- বর্তমানে TPS এর জন্য মনোনীত দেশ:
  - বার্মা (মিয়ানমার), এল সালভাদর, ইথিওপিয়া, হাইতি, হন্ডুরাস, নিকারাগুয়া, সোমালিয়া, সুদান, দক্ষিণ সুদান, সিরিয়া, ইউক্রেন, ভেনিজুয়েলা, ইয়েমেন
- নির্দিষ্ট দেশের তথ্য, যোগ্যতার প্রয়োজনীয়তা, নিবন্ধন সময়কাল এবং সর্বশেষ আপডেটের জন্য, uscis.gov/TPS দেখুন।
- সমস্ত TPS আবেদনকারীরা এখন uscis.gov/i-821 এ অনলাইনে ফর্ম I-821, অস্থায়ী সুরক্ষিত স্থিতির জন্য আবেদন করতে পারেন।
- বাইডেন সরকারের তৈরি করা DHS পদগুলির পর্যালোচনা করা হবে। DHS দ্বারা TPS পদগুলির পর্যালোচনার ফল হিসাবে TPS পদগুলি প্রত্যাহার করা হবে পারে।
  - 1লা ফেব্রুয়ারি, 2025 তারিখে, DHS আংশিকভাবে ভেনেজুয়েলানদের জন্য TPS প্রত্যাহার করেছে।
    - ভেনেজুয়েলাবাসীদের জন্য 2021 সালে নিযুক্ত TPS 7ই নভেম্বর, 2025 তারিখে বন্ধ হবে।
  - 20শে আগস্ট DHS হন্ডুরাস ও নিকারাগুয়ার জন্য TPS সমাপ্ত করার অনুমোদন পেয়েছে, যা 8ই সেপ্টেম্বর থেকে কার্যকর হচ্ছে।
  - 22শে সেপ্টেম্বর, 2025 তারিখে, DHS সিরিয়ার TPS বন্ধ করে দিয়েছে যা কার্যকরী হবে 21শে নভেম্বর, 2025 তারিখে।
- কমিউনিটি সদস্যদের উচিৎ তাদের দেশের TPS ডেজিগনেশনের দিকে চোখ রাখা ও নিজেদের স্থিতি সম্পর্কে অবগত থাকা।
- আপনার TPS স্ট্যাটাস শেষ হয়ে গেলে বা শেষ হওয়ার সময় আসন্ন হলে, নিজের বিকল্পগুলি জানতে ও অন্যান্য প্রোগ্রামের জন্য যোগ্যতা পাবেন কিনা দেখতে অবশ্যই একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলুন।

# সাম্প্রতিক আগমন ও আশ্রয়প্রার্থী

**সীমানা ছাড়িয়ে এক্সপেডিটেড রিমুভাল-এর সম্প্রসারণ**

- 21শে জানুয়ারি, 2025 অনুযায়ী, হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ “এক্সপেডিটেড রিমুভাল” নামক একটি প্রক্রিয়ার ব্যবহার সম্প্রসারিত করেছে।
- এর আগে ICE ও CBP শুধুমাত্র সীমান্ত থেকে 100 মাইলের মধ্যে থাকা মানুষদের বিরুদ্ধে ও তাদের আগমনের 14 দিনের মধ্যে এক্সপেডিটেড রিমুভাল ব্যবহার করতে পারত।
- এখন, সরকার ঘোষণা করেছে যে দেশের যেকোনো কাগজবিহীন মানুষের ক্ষেত্রে এক্সপেডিটেড রিমুভাল ব্যবহার করা হবে, যারা প্রমাণ করতে পারবেন না যে তারা গ্রেফতারের আগে অন্ততপক্ষে দুই বছর ধরে ধারাবাহিকভাবে U.S.-তে থাকছেন।
- এক্সপেডিটেড রিমুভালের মাধ্যমে সরকার দ্রুত সেই মানুষদের বিতাড়িত করতে পারবে যাদের কাগজ নেই বলে সরকার বিশ্বাস করবে, এক্ষেত্রে একজন অভিবাসন বিচারকের সামনে হাজিরও করা হবে না।
- বর্তমানে, দ্রুত অপসারণ প্রক্রিয়ার বাইরে থাকতে পারার সুযোগ খুবই সীমিত।
    - দ্রুত অপসারণের বাইরে থাকার একটি উপায় হল, একজন ব্যক্তি যদি দাবি করেন যে তিনি নিজের দেশে ফিরে যেতে ভয় পাচ্ছেন এবং ভয় পরীক্ষা করার ইন্টারভিউতে পাশ করতে পারেন। এর মাধ্যমে তিনি আশ্রয়ের আবেদন জানাতে পারবেন।
- মানুষের নিজের অধিকার জানা উচিৎ এবং নিজেকে ও নিজের পরিবারকে সুরক্ষিত রাখার পদক্ষেপগুলি মেনে চলা উচিৎ, যার মধ্যে থাকবে প্রযোজ্যতা অনুযায়ী দুই বছর ধরে বসবাসের প্রমাণ সঙ্গে নিয়ে চলাফেরা করা।
- আরও জানতে, দেখুন nilc.org/resources/know-your-rights-expedited-removal-expansion/



**অভিবাসন আদালতে ICE**

- অভিবাসন আদালতে নিজেদের শুনানির জন্য আসা অভিবাসীদের ICE দ্বারা আটক করা হচ্ছে।
- আদালতে সরকার পক্ষের আইনজীবী আপনার মামলা খারিজ করে দিতে পারে। আপনি যদি 2 বছরের কম সময় আগে U.S.-এ এসে থাকেন এবং আপনার মামলা খারিজ করা হয়, তাহলে ICE আপনাকে গ্রেফতার করে দ্রুত দেশ থেকে বের করে দিতে পারে। এই প্রক্রিয়াকে দ্রুত অপসারণ বা এক্সপেডিটেড রিমুভাল বলা হয়।
- নিজেকে কীভাবে সুরক্ষিত রাখবেন
    - সম্ভব হলে অভিবাসন আদালতের শুনানিতে ভার্চুয়াল উপায়ে উপস্থিত থাকুন।
    - যোগ্যতা থাকলে, আদালতে আশ্রয় বা অন্যান্য আবেদন দায়ের করে রাখুন।
    - আপনাকে যদি আটক করা হয় আর আপনি নিজের দেশে এবং/অথবা অন্য আরেকটি দেশে ফিরে যেতে ভয় পান, সেই কথাটি স্পষ্টভাবে ICE-কে বা অন্যান্য অভিবাসন আধিকারিককে জানান।
    - আপনার মামলা খারিজ করার সময় যদি আপনার আশ্রয়ের আবেদন আদালতে জমা করা থাকে, সেটা আপনাকে রক্ষা করতে পারবে না। আপনাকে অবশ্যই নিজের অত্যাচার বা নিপীড়নের ভয় সম্পর্কে বোঝাতে হবে।
- আদালতে নিজের অধিকারগুলির বিষয়ে জানুন:
    - বিচারক সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি খারিজ সম্পর্কে নিজের আপত্তি জানাতে পারবেন।
    - আপনি বলতে পারেন যে ICE-এর আইনজীবী যেন মামলা খারিজ করার অনুরোধ লিখিতভাবে জমা দেন, তাহলে আপনি কেন নিজের মামলা চালিয়ে যেতে চাইছেন তা বিচারককে বোঝাতে পারা ও আইনি সহায়তা চাওয়ার মত যথেষ্ট সময় পেয়ে যাবেন।
    - বিচারক যদি আপনার মামলা খারিজ করেন, তাহলে আপীল করার অধিকার আপনার থাকবে। আপনি এই সিদ্ধান্তের জন্য বোর্ড অফ ইমিগ্রেশন আপীলস (BIA)-এর কাছে আপীল জানাতে পারবেন। অভিবাসন বিচারককে আপীলের বিষয়ে জানাতে ভুলবেন না।
    - নিজের দেশে এবং/অথবা অন্য আরেকটি দেশে ফিরে গেলে আপনি অত্যাচার বা নিপীড়নের ভয় পাচ্ছেন, এটা শুনানির সময় বিচারককে জানান।

# আটক বিষয়ক সহায়তা

**নিজেকে ও নিজের পরিবারকে কীভাবে প্রস্তুত করবেন**

- আপনি যদি U.S.-এর নাগরিক না হন এবং আপনার যদি সন্তান থাকে, তাহলে ICE, CBP বা অন্য কোনও ফেডেরাল এজেন্টের হাতে আটক হওয়ার বিষয়ে আপনাকে আগে থেকে পরিকল্পনা বানিয়ে রাখতে হবে।
- প্রস্তুত হওয়ার জন্য আপনাকে অবশ্যই:
  - গুরুত্বপূর্ণ কাগজপত্রগুলি একটি নিরাপদ জায়গায় রেখে দিতে হবে যার বিষয়ে পরিবারের অন্য সদস্যরাও জানবে।
  - আপনি যখন পারবেন না তখন আপনার বাচ্চাদের খেয়াল কে রাখবে তা ভেবে রাখতে হবে।
  - আপনার বাচ্চাদের কেয়ারটেকার হিসাবে কাউকে আইনগতভাবে নিযুক্ত করতে হবে।
    - একজন কেয়ারটেকারকে আইনগতভাবে নিযুক্ত করার সবথেকে প্রচলিত দুটি উপায় হল:
      - পার্সন ইন পেরেন্টাল রিলেশনশিপ নিয়োগ করা
      - স্ট্যান্ডবাই গার্ডিয়ানশিপ
  - আপনার বাচ্চার জন্য অতিরিক্ত ফর্মগুলি, যেমন, ট্র্যাভেল অথরাইজেশন ফর্ম বা স্কুল এমার্জেন্সি কনট্যাক্ট ফর্ম ইত্যাদি পূরণ করুন।
  - আপনি একটি পাওয়ার অফ অ্যাটর্নি ফর্ম পূরণ করার কথাও বিবেচনা করতে পারেন।
- আরও তথ্য জানতে, দেখুন vlpcny.org/get-help/immigration/planning-for-immigrant-parents

**আপনাকে আটক করা হলে কারও সাথে যোগাযোগ করবেন কীভাবে**

- আপনাকে যদি অভিবাসন বা অন্য কোনও আইন প্রয়োগকারী আটক করে, তাহলে যোগাযোগের অধিকার সহ নির্দিষ্ট কিছু অধিকার আপনার থাকবে।
- আপনি নিজের পরিবার, আইনজীবীকে বা দূতাবাসে ফোন করার অধিকার পাবেন।
- বিভিন্ন সহায়তা স্থলের সাথে সংযোগ তৈরি করার জন্য আপনি একটি ইমিগ্রেশন ডিটেনশন হটলাইনে কল করতে পারবেন।
  - ন্যাশনাল ইমিগ্রেশন ডিটেনশন হটলাইনে কল করার জন্য, আটক কেন্দ্রের ফোন থেকে 9233# নম্বর ডায়াল করুন। এই হটলাইনে বিনামূল্যে কথা বলা যায়, কারও নিরীক্ষণে থাকে না এবং সোম-শুক্র সকাল 11টা থেকে রাত 11টা পর্যন্ত উপলব্ধ থাকে।
  - বাফেলো ফেডেরাল ডিটেনশন ফেসিলিটিতে উপলব্ধ জাস্টিস ফর মাইগ্র্যান্ট ফ্যামিলিজ হটলাইনে কল করার জন্য 716-427-4917 নম্বর ডায়াল করুন, সোম-বৃহস্পতি, দুপুর 2টো- বিকাল 4টে এবং সন্ধ্যে 6টা- রাত 8টা।

**আটক থাকা ব্যক্তিকে কীভাবে সাহায্য করবেন**

- ICE পরিচালিত কেন্দ্রে, স্থানীয় জেলে ও বেসরকারি আটক কেন্দ্রে, নাগরিক নন এমন মানুষদের ICE আটক করে রাখতে পারে।
- অভিবাসন আটক ব্যবস্থার কোথায় কি আছে তা জানা খুব একটা সহজ ব্যাপার নয়, ফলে আপনার প্রিয়জন কোথায় আছেন ও কীভাবে তার সাথে যোগাযোগ করা যাবে এটা বোঝা বেশ কঠিন হয়ে দাঁড়ায়।
- বর্তমানে ICE-এর হেফাজতে থাকা একজন মানুষকে খুঁজতে:
  - locator.ice.gov এ যান ও সেই ব্যক্তির বিষয়ে এই তথ্যগুলি লিখুন:
    - নাম, কোন দেশে জন্মেছেন ও জন্মতারিখ অথবা
    - 9 সংখ্যার A-নম্বর
  - একজন ব্যক্তিকে কোথায় আটক করে রাখা আছে তা ICE লোকেটর জানাতে পারে, কিন্তু এই সিস্টেমে তার অবস্থান দেখানোর জন্য কিছুটা সময় লাগবে।
  - আপনি যদি মনে করেন যে আপনার প্রিয়জনকে নির্দিষ্ট কোনও ICE আটক কেন্দ্রে রেখে দেওয়া হয়েছে, আপনি নিম্নলিখিত উপায়েও তাকে খুঁজতে পারবেন:
    - accesscorrections.com এ তার খোঁজ করা। যদি তার নাম দেখানো হয়, তাহলে আপনার বেছে নেওয়া কেন্দ্রেই খুব সম্ভবত তিনি আটক রয়েছেন।
    - ice.gov/detention-facilities থেকে সরাসরি কেন্দ্রে যোগাযোগ করা
  - এই অনলাইন সিস্টেমগুলি ব্যবহার করে আপনি যদি একজন ব্যক্তিকে খুঁজে না পান, আপনি একটি ICE এনফোর্সমেন্ট অ্যান্ড রিমুভাল অপারেশনস (ERO) ফিল্ড অফিসে যোগাযোগ করতে পারেন: ice.gov/contact/field-offices
  - আটকে রাখা কোনও ব্যক্তিকে খোঁজার বিষয়ে আরও জানতে, দেখুন nilc.org/resources/how-to-find-a-loved-one-after-a-u-s-immigration-arrest/
    - এই তথ্যসূত্র ইংরাজি, আরবি, চাইনিজ, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, তাগালগ, ভিয়েতনামিজ ও স্প্যানিশ সহ 9টি ভাষায় পাওয়া যাবে।
- একজন ব্যক্তির আদালতের তারিখ ও স্থান জানতে:
  - acis.eoir.justice.gov এ যান ও সেই ব্যক্তির 9 সংখ্যার A নম্বর লিখুন, অথবা
  - 1-800-898-7180 এ কল করুন ও নির্দেশ অনুসরণ করুন।
- আইনি সহায়তা পেতে:
  - বিনামূল্যে বা কম খরচে অভিবাসন সংক্রান্ত আইনি পরিষেবা দেয় এমন ননপ্রফিট অর্গ্যানাইজেশন খুঁজতে, দেখুন immigrationadvocates.org/legaldirectory
  - ইমিগ্র্যান্ট ডিফেন্স প্রোজেক্টকে 212-725-6422 নম্বরে কল করুন
- বন্ড পেমেন্টের বিষয়ে সহায়তা পেতে:
  - আপনার প্রিয়জনকে যদি এমন একটি বন্ড মঞ্জুর করা হয় যার খরচ বহন করা তার পক্ষে সম্ভব নয়, তাহলে তিনি একটি বন্ড ফান্ড থেকে সাহায্য পাওয়ার যোগ্য হতে পারেন।
  - নিউ ইয়র্ক রাজ্যের বন্ড সম্পর্কে জানতে, দেখুন envisionfreedom.org/get-support
  - সারা দেশের বন্ড ফান্ডগুলির তালিকা পেতে, দেখুন bit.ly/localbailfunds

# পারিবারিক সংস্থান

### প্রমিস এনওয়াইসি চাইল্ড কেয়ার সহায়তা

- জানুয়ারী 2023-এ, নিউ ইয়র্ক সিটি “প্রমিস NYC” চালু করেছে, একটি নতুন প্রোগ্রাম যা নিম্ন-আয়ের পরিবারগুলির জন্য অনথিভুক্ত বা অ-নাগরিক শিশুদের জন্য চাইল্ড কেয়ার ভর্তুকি প্রদান করবে, যারা আগে তাদের অভিবাসন অবস্থার কারণে অযোগ্য ছিল।
- এই প্রোগ্রাম রিনিউ করা হয়েছে এবং জুলাই 2025 থেকে জুন 2026 পর্যন্ত 1,000 এর বেশি শিশুকে সহায়তা দিতে চলেছে।
- পরিবারগুলি যোগ্য হতে পারে যদি তারা:
  - শিশু যত্ন ভর্তুকির অন্যান্য ফর্ম জন্য যোগ্য না হয়
  - শিশুর বয়স 0-13 বছর হয়
  - ফেডারেল দারিদ্র্য স্তরের 300% নীচে একটি পরিবারের আয় হয়
- পরিবারগুলিকে তাদের বোরোতে নিম্নোক্ত মনোনীত সম্প্রদায় সংস্থাগুলির সাথে যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে:
  - ব্রঙ্কস এবং ম্যানহাটন: নরদার্ন ম্যানহাটন ইমপ্রুভমেন্ট কর্পোরেশন (212-822-8300, nmic.org/promisenyc)
  - ব্রুকলিন: সেন্টার ফর ফ্যামিলি লাইফ (718-438-9500, centerforfamilylife.org)
  - স্টেটেন আইল্যান্ড: লা কোলমেনা (718-442-7700, lacolmenanyc.org)
  - কুইন্স: চাইনিজ-আমেরিকান প্ল্যানিং কাউন্সিল (718-358-8899, cpc-nyc.org)
- অনুগ্রহ করে মনে রাখবেন যে প্রমিস NYC সীটের সংখ্যা সীমিত, তাই আমরা পরিবারগুলিকে বলব তারা যেন ওয়েটলিস্টে নিজেদের অন্তর্ভুক্ত করে রাখেন যাতে নতুন সীট প্রকাশিত হলে তারা এই সুযোগ লাভ করতে পারেন।



### চাইল্ড কেয়ার অ্যাসিস্টেন্স প্রোগ্রাম

- রাজ্যের গড় আয়ের 85% বা তার কম আয় হলেই এখন পরিবারগুলি শিশুর দেখাশোনায় সহায়তা লাভের যোগ্যতা পাবেন।
  - পরিবারের যোগ্যতালাভ করার জন্য তাদের বার্ষিক আয় হবে সর্বাধিক:
    - $73,869.56 – 2 সদস্যের পরিবারের জন্য
    - $91,250.63– 3 সদস্যের পরিবারের জন্য
    - $108,631.70 – 4 সদস্যের পরিবারের জন্য
    - $126,012.77 – 5 সদস্যের পরিবারের জন্য
    - $143,393.84 – 6 সদস্যের পরিবারের জন্য
  - অংশগ্রহণকারী পরিবারগুলির জন্য দারিদ্র্য সীমার উপরে পরিবারের মোট আয়ের 1% এর বেশী ব্যয় ধার্য করা হবে না।
  - অনুমোদনযোগ্য বার্ষিক অনুপস্থিতির সংখ্যা হল 80.
- আরও তথ্য জানতে এবং আপনি কম অথবা বিনামূল্যে শিশু পরিচর্যা লাভের যোগ্যতা পাবেন কিনা দেখতে, যান ocfs.ny.gov/ccap.

### নিউ ইয়র্ক স্টেট পেইড প্রিনেটাল লীভ

- 1লা জানুয়ারি, 2025 থেকে নিউ ইয়র্ক রাজ্য পেইড প্রিনেটাল লীভ চালু করছে।
- যেকোন বেসরকারি চাকরীতে নিযুক্ত অন্তঃসত্ত্বা নিউ ইয়র্কবাসী সন্তান জন্মের আগের চিকিৎসা পরিষেবা পাওয়ার জন্য 20 ঘন্টার অতিরিক্ত বেতনসহ ছুটি লাভ করতে পারবেন।
- কর্মচারীদের অসুস্থতাজনিত ছুটির বাইরে এই প্রিনেটাল কেয়ারের ছুটি দেওয়া হবে, তাই ছুটি জমিয়ে রাখার দরকার নেই। কর্মচারী কাজ শুরু করার সময় থেকেই এই ছুটি পাওয়া যাবে।
  - নিউ ইয়র্ক স্টেট সিক লীভ বা অন্যান্য ছুটির পলিসি বা সুবিধার থেকে এই পেইড প্রিনেটাল লীভ আলাদা।
  - পেইড প্রিনেটাল লীভ ব্যবহার করার আগে অন্য প্রকারের ছুটি খরচ করে ফেলার জন্য নিয়োগকর্তা কর্মচারীদের জোর করতে পারবেন না বা এক প্রকার ছুটির বদলে অন্য প্রকার ছুটি নিতে বলতে পারবেন না।
- কর্মচারীরা একটি বছরের মধ্যে একাধিক গর্ভাবস্থার জন্য এই ছুটি ব্যবহার করতে পারবেন, তবে 52 সপ্তাহের মধ্যে এই ছুটি শুধুমাত্র 20 ঘন্টার জন্যেই পাওয়া যাবে।
- পেশা, ইন্ডাস্ট্রি অথবা পার্ট-টাইম বা ওভারটাইমের দায়মুক্ত স্থিতি নির্বিশেষে, সমস্ত বেসরকারি কর্মচারীরা পেইড প্রিনেটাল লীভ পাবেন।
- প্রিনেটাল কেয়ারের মধ্যে থাকবে ইন ভিট্রো ফার্টিলাইজেশনের মত ফার্টিলিটি ট্রিটমেন্ট ও গর্ভাবস্থা শেষের পরিষেবা।
- আরও তথ্যের জন্য দেখুন ny.gov/prenatal

# স্কুল ও শিক্ষা



**পাবলিক স্কুল সিস্টেম (3K-12)**

- নিউ ইয়র্ক রাজ্য, অভিবাসন স্থিতি নির্বিশেষে প্রত্যেক শিশুকে বিনামূল্যের ও গুণমানসম্পন্ন শিক্ষার নিশ্চয়তা দেয়, কিন্ডারগার্টেন থেকে শুরু করে হাই স্কুল ডিপ্লোমা পাওয়া পর্যন্ত অথবা শিক্ষার্থীর 21-এ পা দেওয়ার বছরের শেষ পর্যন্ত।
- বাচ্চার পড়াশোনা বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য থাকা সমস্ত কাগজপত্র সময় মতো অনূদিত ও ভাষান্তরিত করে পরিবারগুলির হাতে দেওয়ার নিশ্চয়তা দেওয়া হচ্ছে।
- শিক্ষার্থীরা বছরের যেকোন সময় একটি NYS পাবলিক স্কুলে ভর্তির আবেদন জানাতে পারবে ও ভর্তি হতে পারবে, তবে প্রচলিত ভর্তির সময়কালের বাইরে সীমিত বিকল্প পাওয়া যাবে।
- পাবলিক স্কুলগুলিকে খুব সম্ভবত অভিবাসন স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না এবং স্কুলের সাধারণ কর্মসূচীর ক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য ভাগ করে নেওয়া হবে না। কিছু সম্প্রসারিত সময়কালের প্রারম্ভিক শৈশব কর্মসূচীর ক্ষেত্রে অভিবাসন বা আয়ভিত্তিক যোগ্যতালাভের বিষয় জড়িত থাকবে।
- নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের তথ্য
  - একটি NYC পাবলিক স্কুলে কীভাবে অনুবাদ ও দোভাষী পরিষেবার অনুরোধ জানানো যাবে, তা জানার জন্য দেখুন schools.nyc.gov/hello অথবা কল করুন 718-935-2013।
  - ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে, দেখুন schools.nyc.gov/enrollment/enrollment-help/new-students.
  - একটি NYC পাবলিক স্কুল খুঁজে নিতে ও ভর্তির আবেদন জানাতে দেখুন myschools.nyc, কল করুন 311, অথবা সহায়তা পাওয়ার জন্য একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যান। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলির ঠিকানা পাওয়া যাবে এখানে- schools.nyc.gov/fwc।
  - ভিন্ন ভিন্ন গ্রেড লেভেলের উপর ভিত্তি করে নথিভুক্তির সময়কাল আলাদা হবে। 2024 এর শরৎকালের নথিভুক্তির সময়সূচী দেখুন schools.nyc.gov/enroll।

**সরকারি স্কুলে সেল ফোনে নিষেধাজ্ঞা**

- নিউ ইয়র্ক রাজ্য 2025 সালের মে মাসে একটি নতুন আইন পাস করেছে যেখানে স্কুল চলাকালীন শিক্ষার্থীদের স্মার্টফোন ও ইন্টারনেট সক্রিয় থাকা যন্ত্র ব্যবহারে নিষেধ জানানো হয়েছে।
- অনুবাদ, ভাষান্তর, চিকিৎসাগত উদ্দেশ্যে বা পরিবারের কোনও বিপদে শিক্ষার্থীরা এই যন্ত্রগুলি ব্যবহার করতে পারবে।
- স্কুল চলাকালীন শিক্ষার্থীদের বাবা-মা স্কুলের কর্মচারীদের মাধ্যমে তাদের সন্তানদের সাথে যোগাযোগ করতে পারবেন।
- স্থানীয় চাহিদা ও পরিবারগুলির কাছ থেকে পাওয়া প্রতিক্রিয়া অনুযায়ী প্রত্যেক স্কুল ডিস্ট্রিক্টে এই আইন বলবৎ করা হবে।
  - NYC সরকারি স্কুলগুলিকে শিক্ষার্থীদের স্কুলে থাকাকালীন ফোন তুলে রাখতে বলতে হবে।

**কলেজ আর্থিক সহায়তা**

- UnderstandingFAFSA.org-এ সাহায্য পান, একটি ওয়েবসাইট যা কলেজের জন্য অর্থ চাওয়া ছাত্র এবং পরিবারের জন্য গাইড এবং সংস্থান সরবরাহ করে।
  - উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য তাদের বিনামূল্যের FAFSA কিভাবে নির্দেশনা দেবেন দশটি ভাষায় উপলব্ধ।
  - ওয়েবসাইটটি অনথিভুক্ত ছাত্র এবং অভিবাসী পরিবারগুলির জন্য "কিভাবে পাওয়া যায়" পৃষ্ঠাগুলি আপডেট করেছে।
- নিউ ইয়র্ক রাজ্য আর্থিক সহায়তা কর্মসূচী
  - টিউশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (TAP) যোগ্যতাপ্রাপ্ত নিউ ইয়র্কবাসীদের NYS-এর অনুমোদিত স্কুলগুলিতে টিউশন ফি প্রদান করে।
    - একজনের বার্ষিক TAP পুরষ্কার $5,665 পর্যন্ত হতে পারে। TAP অনুদান হওয়ার কারণে এই অর্থ ফেরত দেওয়ার প্রয়োজন হয় না।
    - আরও তথ্যের জন্য বা কীভাবে আবেদন জানাবেন জানতে দেখুন hesc.ny.gov/tap
  - এক্সেলসিয়র স্কলারশিপ
    - শিক্ষার্থীদের অন্যান্য আর্থিক সহায়তা কর্মসূচীর সাথে এক্সেলসিয়র স্কলারশিপের সমন্বয়ে একজন শিক্ষার্থী টিউশন ফি ছাড়াই একটি SUNY বা CUNY কলেজে পড়াশোনা করতে পারবেন।
    - যেসব শিক্ষার্থীর পরিবারের আয় $125,000 বা তার কম, তারা আবেদন করার যোগ্যতা পাবেন।
    - আরও তথ্য জানতে বা আবেদন জানাতে যান hesc.ny.gov/excelsior
  - সেনেটর হোসে পেরাল্টা নিউ ইয়র্ক স্টেট ড্রিম অ্যাক্ট কাগজপত্র বা নথিভুক্তি ছাড়াই শিক্ষার্থীদের NYS পরিচালিত অনুদান ও স্কলারশীপ লাভ করার সুযোগ দেয় যা তাদের উচ্চশিক্ষার ব্যয় বহন করে।
    - আরও তথ্য জানতে বা আবেদন জানাতে দেখুন hesc.ny.gov/dream

# আর্থিক ক্ষমতায়ন



**বেকারত্ব বিমার সুবিধা হার বৃদ্ধি**

- এই বছর নিউ ইয়র্ক রাজ্য বেকারত্ব বিমার অর্থমূল্য বাড়াচ্ছে এবং ব্যবসার কর কমাচ্ছে।
- 6ই অক্টোবর, 2025 তারিখ থেকে, যেসব কর্মী নিজেদের কোনও দোষ ছাড়াই চাকরী হারিয়েছেন এবং কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক ও সক্ষম রয়েছেন, তাদের সর্বাধিক সাপ্তাহিক সুবিধার অর্থমূল্য $504 থেকে বেড়ে $869 হচ্ছে।
  - সর্বাধিক সুবিধার হার হল বেকার নিউ ইয়র্কবাসীদের দেওয়া সবথেকে বড় অঙ্কের অর্থ এবং তা আগের রোজগারের উপর নির্ভর করে।
  - আপনি যদি সর্বাধিক অর্থমূল্য নাও পান, তাহলেও আপনার সুবিধার অর্থমূল্য বাড়তে পারে।
  - আপনার আগে জানানো মোট আয়ের উপর ভিত্তি করে নতুন হার স্বয়ংক্রিয়ভাবে আবার গণনা করা হবে।
  - বেড়ে যাওয়া সুবিধার হার 13ই অক্টোবরের সপ্তাহ থেকে পাওয়া শুরু হবে। এই বেড়ে যাওয়া অর্থ পাওয়ার জন্য আপনাকে কিছুই করতে হবে না।
- আপনার সাপ্তাহিক বেকারত্ব বিমা সুবিধার আনুমানিক ধারণা পেতে, দেখুন ux.labor.ny.gov/benefit-rate-calculator
- আরও তথ্যের জন্য, যান dol.ny.gov/unemployment-insurance-ui-trust-fund-faq
- বেকারত্ব বিমা সুবিধার অনুরোধ জানাতে, যান dol.ny.gov/unemployment

**ইনফ্লেশন রিফান্ড চেক**

- নিউ ইয়র্কবাসীরা এই প্রথম তাদের ইনফ্লেশন রিফান্ড চেক পেতে চলেছেন।
- এই একবারের পেমেন্ট সেইসব নিউ ইয়র্কবাসীদের দেওয়া হবে যারা মুদ্রাস্ফীতির কারণে বেশি সেলস ট্যাক্স দিয়েছেন।
- একটি ইনফ্লেশন রিফান্ড চেক পাওয়ার যোগ্যতা পেতে, আপনাকে অবশ্যই:
  - 2023 কর বর্ষের জন্য ফর্ম IT-201, নিউ ইয়র্ক স্টেট রেসিডেন্ট ইনকাম ট্যাক্স রিটার্ন ফাইল করতে হবে।
  - ঘোষিত আয় নির্ধারিত সীমার মধ্যে থাকবে।
    - আপনি নির্ধারিত সীমার মধ্যে রয়েছেন কিনা জানতে, দেখুন tax.ny.gov/pit/inflation-refund-checks.htm
  - অন্য করদাতার রিটার্নের উপর নির্ভরশীল হিসাবে দাবি জানানো যাবে না।
- যদি আপনি যোগ্যতালাভ করেন, তাহলে এই চেক স্বয়ংক্রিয়ভাবে ডাকযোগে আপনার কাছে পৌঁছে যাবে, আপনাকে কিছুই করতে হবে না।
  - ডাকে চেক পাঠানোর কাজ শুরু হবে সেপ্টেম্বর 2025 এর শেষ থেকে এবং কয়েক সপ্তাহ ধরে চিঠি পাঠানোর কাজ চলবে।
  - আপনার সাম্প্রতিকতম ট্যাক্স রিটার্নের ঠিকানাতে এই চেক পাঠানো হবে।
  - সরাসরি জমা দেওয়ার সুবিধা পাওয়া যাবে না।
- প্রতারণা থেকে সাবধান
  - নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স এই ইনফ্লেশন রিফান্ড চেকের বিষয়ে করদাতাদের সাথে যোগাযোগ করছে না।
  - চেক পাওয়ার জন্য আপনাকে অতিরিক্ত কোনও তথ্য জানাতে হবে না।
  - ট্যাক্স বিভাগের নাম করে কেউ যদি ইনফ্লেশন রিফান্ড চেকের বিষয়ে আপনার সাথে যোগাযোগ করে, তাহলে অবিলম্বে অভিযোগ জানান।
- আরও তথ্যের জন্য, দেখুন tax.ny.gov/pit/inflation-refund-checks.htm

**ITIN ফাইলারদের জন্য ট্যাক্স প্রদাতার তথ্য**

- 2025 সালের এপ্রিল মাসে, ইন্টারনাল রেভেনিউ সার্ভিস (IRS) একটি চুক্তিতে এসেছে যেখানে তারা হোমল্যান্ড সিকিউরিটি বিভাগকে সহযোগিতা করার মাধ্যমে অপসারণের আদেশ থাকা কাগজবিহীন ট্যাক্স প্রদাতাদের সংবেদনশীল তথ্য জানাবে।
- ITIN ও তথ্যের গোপনীয়তা সম্পর্কে আরও জানতে, দেখুন nyic.org/resources-training/taxpayer-information-for-itin-filers

# গণতন্ত্র

**যুক্তরাষ্ট্রীয়, রাজ্য ও স্থানীয় সাধারণ নির্বাচন**

- যুক্তরাষ্ট্রীয়, রাজ্য ও স্থানীয় সাধারণ নির্বাচনের তারিখ হল 4ঠা নভেম্বর, 2025।
- এই সাধারণ নির্বাচনে ভোট দেওয়ার জন্য রেজিস্টার করার অথবা আপনার ঠিকানা পরিবর্তন করার শেষ দিন হল 25শে অক্টোবর, 2025।
- আপনার ভোটার রেজিস্ট্রেশন ও দলীয় অন্তর্ভুক্তি পর্যালোচনা করার জন্য, দেখুন voterlookup.elections.ny.gov.
    - আপনার রেজিস্ট্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোনও প্রশ্ন থাকলে, আপনার কাউন্টি বোর্ড অফ ইলেকশনের সাথে যোগাযোগ করুন: www.elections.ny.gov/CountyBoards.html
    - NYC বাসিন্দারা দেখুন vote.nyc
- সাধারণ নির্বাচনের ক্ষেত্রে প্রারম্ভিক ভোটের সময়কাল 25শে অক্টোবর থেকে 2রা নভেম্বর।
- ডাকে ব্যালট পাঠানোর অনুরোধ জানানোর শেষ তারিখ হল 25শে অক্টোবর। এই ব্যালটকে অবশ্যই 4ঠা নভেম্বর বা তার আগের তারিখে পোস্টমার্ক করতে হবে এবং 11ই নভেম্বরের মধ্যে নির্বাচন পর্ষদের কাছে পৌঁছে দিতে হবে।
    - মেল-ইন ব্যালটের আবেদন জানাতে, দেখুন elections.ny.gov/request-ballot
- 2025 এর নির্বাচনে, নিউ ইয়র্কবাসী মেয়র, সিটি কাউন্সিল এবং অন্যান্য স্থানীয় ও বিচার বিভাগীয় পদের জন্য ভোট দেবেন।
- নিউ ইয়র্ক শহরের ভোটাররা হাউসিং ও স্থানীয় নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত ব্যালট প্রস্তাবনাও পাবেন। আরও জানতে, দেখুন nycvotes.org




**ভোট দিতে রেজিস্টার করুন**

- আপনি যদি 16 বছর বা তার বেশি বয়সী হন, একজন মার্কিন নাগরিক হন এবং নির্বাচনের আগে অন্তত 30 দিন নিউইয়র্কে থাকেন, আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন।
    - আপনার বয়স 16 বা 17 হলে, আপনি ভোট দেওয়ার জন্য প্রাক-নিবন্ধন করতে পারেন কিন্তু 18 বছর বয়স পর্যন্ত ভোট দিতে পারবেন না।
    - যদি আপনি একটি অপরাধমূলক দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাগারে বন্দী হন বা আদালতের দ্বারা মানসিকভাবে অক্ষম বলে প্রমাণিত হন, আপনি ভোট দেবার জন্য নিবন্ধন করতে পারবেন না।
- NYS বোর্ড অব ইলেকশন: www.elections.ny.gov/VotingRegister.html
- NYC বোর্ড অব ইলেকশন: vote.nyc/page/register-vote
- অনলাইনে রেজিস্টার করুন (আপনার কাছে NYS ড্রাইভার লাইসেন্স, পারমিট বা নন-ড্রাইভার আইডি থাকলে): voterreg.dmv.ny.gov/MotorVoter
- একটি নিবন্ধন ফর্মের জন্য 1-800-FOR-VOTE (1-800-367-8683)
- আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন কিনা তা নিশ্চিত নন? আপনার ভোটার নিবন্ধন স্থিতি পরীক্ষা করতে voterlookup.elections.ny.gov-এ যেতে পারেন।

**ভোটদানে আপনার অধিকার**

- ভোটাররা নিউইয়র্ক সিটি ব্যতীত, যেখানে ভোটারদের ঠিকানার মাধ্যমে একটি প্রথম দিকের ভোটদানের সাইট বরাদ্দ করা হয়েছে, যে কাউন্টিতে বসবাস করছেন সেখানে যে কোনও প্রথম দিকের ভোটদান কেন্দ্রে যেতে পারেন।
- যদি আপনি বিশ্বাস করেন যে আপনি যোগ্য ভোটদাতা এবং ভোটদানের জন্য সময় মত নাম নথিভুক্ত করেছেন, কিন্তু আপনার নাম ভোটাদাতাদের তালিকায় পাওয়া যাচ্ছে না, তাহলে আপনি একটি প্রভিশনাল অথবা অ্যাফিডেভিট ভোটপত্রের জন্য অনুরোধ করতে পারেন।
- আপনি প্রথমবারের ভোটার হওয়া সত্ত্বেও আপনার ভোটদানের জায়গায় আইডি দেখাতে হবে না।
- আপনি গৃহহীন হলেও আপনি ভোট দিতে পারেন।
- কিছু পরিস্থিতিতে, যদি আপনি কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হন তবে আপনি তা সত্ত্বেও ভোট দেওয়ার যোগ্য হতে পারেন।
- আরও যোগ্যতার চাহিদার জন্য: nycvotes.org/how-to-vote/voting-rights
- নিউ ইয়র্ক স্টেট এর কিছু কর্মীরা ভোট দানের জন্য দুই ঘণ্টা পর্যন্ত পেইড টাইম বা অর্থপ্রদান করা সময় পাওয়ার যোগ্য। আপনি যোগ্য কি না তা দেখুন এখানে: www.elections.ny.gov/NYSBOE/elections/TimeOffToVoteFAQ.pdf

**আমাদের নির্বাচন ব্যবস্থা ও সেটা কিভাবে কাজ করে সেই সম্পর্কে জানতে, আমাদের ভিডিওগুলি দেখুন: nyic.me/civics**

# আপনার অধিকারগুলি জানুন



**ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (ICE), বর্ডার পেট্রোল, বা অন্যান্য আইন রক্ষাকারীর সাথে কাজ করার সময় সম্প্রদায়ের সদস্য এবং সহযোগীদের তাদের অধিকার সম্পর্কে সচেতন হওয়া উচিত।**

**যদি আপনাকে অভিবাসন বা অন্যান্য আইন রক্ষাকারীরা আটকান, মনে রাখবেন:**

- শান্ত থাকুন। পালাবেন না। অফিসারকে আটকাবেন না বা বাধা দিবেন না।
- মিথ্যা বলবেন না অথবা মিথ্যা নথি দিবেন না।
- আপনার চুপ থাকার অধিকার আছে। আপনি যা কিছু বলবেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা যেতে পারে।
- যদি এজেন্টরা জিজ্ঞাসা করে তারা আপনাকে অথবা আপনার জিনিসপত্র খুঁজে দেখতে পারে কি না, আপনার না বলার অধিকার আছে।
    - যদিও, শারীরিকভাবে বাধা দিবেন না।
    - যদি পুলিশ সন্দেহ করে আপনার কাছে কোন অস্ত্র আছে, তাহলে হয়তো আপনার তল্লাশি করতে পারে।
- যদি আপনি একজন US নাগরিক না হন এবং একজন অভিবাসন এজেন্ট আপনার অভিবাসনের কাগজপত্র দেখার অনুরোধ করেন, আপনার অবশ্যই তাদেরকে দেখা উচিত যদি আপনার সঙ্গে সেগুলি থাকে।
- যদি আপনাকে আইন রক্ষাকারীরা থামায়, আটকে রাখে, অথবা হয়রান করে, সেই এজেন্ট(দের) নাম, নাম্বার, এবং অন্য যেকোনো পরিচয় তথ্য পাওয়ার চেষ্টা করুন।
- আপনি বা সম্প্রদায়ের অন্য কেউ আইন রক্ষাকারীর সাথে কথোপকথনের ভিডিও বা অডিও রেকর্ডিং নিতে পারেন। তারা চলে যাওয়ার পর কি হয়েছিল তাও লিখতে পারেন।
- আইন রক্ষাকারী অফিসারদের জন্য আপনার জাতি, জাতীয় উৎস, ধর্ম, লিঙ্গ, অথবা জাতিগততার উপর ভিত্তি করে যেকোনো থামানো, খোঁজাখুঁজি করা, আটকে রাখা, অথবা নির্বাসন সঞ্চালন করা বেআইনি।

**আপনি অভিবাসী প্রতিরক্ষা প্রকল্প (IDP) ফেডারেল এজেন্টদের সাথে পারস্পরিক কথাবার্তা রিপোর্ট করতে পারেন। এছাড়াও IDP সেই সমস্ত অভিবাসীদের আইনি তথ্য এবং রেফারেল প্রদান করে যারা গ্রেফতার হয়েছেন, যাদের টিকিট দেওয়া হয়েছে বা যারা অপরাধে দোষী সাব্যস্ত হয়েছেন। 212-725-6422 নম্বরে কল করুন বা info@immdefense.org তে ইমেল করুন।**

**ব্যক্তিগত জায়গা**

- আপনার বাড়ি এবং অন্যান্য "ব্যক্তিগত জায়গা" (যেমন কর্মক্ষেত্রের শুধুমাত্র কর্মচারী এলাকা) বিশেষ সুরক্ষা বহন করে যা সর্বজনীন স্থানগুলি করে না। অফিসাররা শুধুমাত্র তখনই ব্যক্তিগত জায়গায় প্রবেশ করতে পারেন যদি তাতে আপনার সম্মতি থাকে বা তারা আপনাকে একটি আইনি পরোয়ানা দেখায় (একজন বিচারক দ্বারা স্বাক্ষরিত)।

**সুরক্ষিত এলাকাসমূহ**

- 2025 সালের জানুয়ারি মাসে ট্রাম্প সরকার দীর্ঘদিনের একটি পলিসি বাতিল করেছে যেখানে “স্পর্শকাতর স্থান” বা “সুরক্ষিত এলাকা”, যেমন, স্কুল, চিকিৎসা কেন্দ্র ও উপাসনা স্থলে অভিবাসন আইন প্রয়োগকারীদের এড়ানোর জন্য ICE ও CBP-কে নির্দেশ দেওয়া ছিল।
- এই পরিবর্তন সত্ত্বেও, নিউ ইয়র্কবাসীরা এইসব জায়গায় কিছুটা সুরক্ষিত থাকবেন।
- 2018 সালের একটি নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ অর্ডারে, ICE-এর কাছে বিচার বিভাগীয় পরোয়ানা থাকার ক্ষেত্রে ছাড়া নিউ ইয়র্ক রাজ্য সরকারের বিভিন্ন পরিষেবা স্থল যেমন সরকারি স্কুল বা হাসপাতালে অভিবাসন আইন প্রয়োগকারীদের নিষিদ্ধ করা হয়েছিল।
- প্রোটেক্ট আওয়ার কোর্টস অ্যাক্ট, একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া রাজ্য, নগর ও পৌর আদালতের মধ্যে নিউ ইয়র্কবাসীদের গ্রেফতার হওয়া থেকে সুরক্ষিত রাখে।
- একটি বিচার বিভাগীয় পরোয়ানা অথবা মালিকের সম্মতি ছাড়া ICE ও অন্যান্য এজেন্টরা কর্মক্ষেত্রের “ব্যক্তিগত স্থানে” প্রবেশ করতে পারবেন না।

**অভিবাসন জালিয়াতি সম্পর্কে সচেতন থাকুন**

- অভিবাসন আইন জটিল। কোনও ব্যক্তি বা ব্যবসার সাথে আপনার পরিস্থিতি নিয়ে আলোচনা করার সময় দয়া করে সতর্ক থাকুন।
- আপনার পরিস্থিতি সম্পর্কে আইনি পরামর্শের জন্য আপনার শুধুমাত্র একজন আইনজীবী বা ডিপার্টমেন্ট অফ জাস্টিস (DOJ) স্বীকৃত প্রতিনিধির সাথে কথা বলা উচিত।
- "নোটারিও", ট্রাভেল এজেন্ট, ট্যাক্স প্রস্তুতকারী, ফর্ম প্রস্তুতকারী, বা নোটারির কাছ থেকে কখনই অভিবাসন সহায়তা পাবেন না। মার্কিন যুক্তরাষ্ট্রে, একজন "নোটারিও" একজন আইনজীবী নয়!

**আপনার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হলে বা সাধারণ অভিবাসন সংক্রান্ত প্রশ্ন থাকলে, অফিস ফর নিউ আমেরিকানস হটলাইনে কল করুন 1-800-566-7636 নম্বরে।**

# কমিউনিটির সুরক্ষা



**অভিবাসন স্থিতি বা পরিচয় নির্বিশেষে প্রত্যেকের নিজের কমিউনিটিতে নিরাপদ থাকার অধিকার রয়েছে।**

**হিংসামূলক অপরাধ ও পক্ষপাত**

- হিংসামূলক অপরাধ এমন এক অপকর্ম যা একজন ব্যক্তির জাতি, বর্ণ, জাতীয়তা, বংশ পরিচয়, লিঙ্গ, ধর্মীয় বিশ্বাস, ধর্মচর্চা, বয়স, অক্ষমতা বা যৌন অভিমুখীতার বিরুদ্ধে পক্ষপাত থাকার কারণে ঘটানো হয়।
- নিউ ইয়র্ক রাজ্যের একটি হেট ক্রাইম টাস্ক ফোর্স রয়েছে যার মাধ্যমে বেড়ে চলা পক্ষপাত-মূলক হুমকি, হেনস্থা ও হিংসার ঘটনায় ব্যবস্থা নেওয়া হয়।
- যদি হিংসামূলক অপরাধ ঘটতে দেখেন বা কাউকে তার শিকার হতে দেখেন তাহলে:
  - হিউম্যান রাইটসের NYS বিভাগে এই ঘটনা রিপোর্ট করুন। কল করুন- 1-888-392-3644, “HATE” লিখে 81336 নম্বরে পাঠান, অথবা দেখুন- forms.ny.gov/s3/Hate-Crime-Tips। আরও তথ্যের জন্য dhr.ny.gov দেখতে পারেন
  - ঘটতে থাকা হিংসামূলক অপরাধ বা কোনও আপদকালীন ঘটনা রিপোর্ট করতে, তৎক্ষণাৎ 911-এ কল করুন।
- হিংসামূলক অপরাধের রিপোর্ট জানানোর সময়, আপনার অভিজ্ঞতা, পরিচয় ও অন্যান্য সমস্ত তথ্য গোপন রাখা হয়।
- নিজের অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনি হিংসামূলক অপরাধ রিপোর্ট করতে পারেন ও পরিষেবা পেতে পারেন।

**কমিউনিটির সংস্থান**

- নিউ ইয়র্ক সিটির অফিস ফর দ্য প্রিভেনশন অফ হেট ক্রাইম থেকে কমিউনিটি সদস্যদের ও সংগঠনগুলিকে পরিষেবা, সংস্থান ও সহায়তা দেওয়া হয়। তথ্য সংস্থান একাধিক ভাষায় উপলব্ধ থাকে। আরও তথ্যের জন্য, দেখুন- nyc.gov/stophate।
- সেন্টার ফর অ্যান্টি-ভায়োলেন্স এডুকেশন, নিউ ইয়র্কের কমিউনিটিগুলির মধ্যে ঘটা হিংসাত্মক ঘটনাগুলি আটকায়, ব্যাহত করে ও স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনে। এদের আত্মরক্ষা, দর্শকদের ওয়ার্কশপ ও যুব ক্ষমতায়ন সংক্রান্ত শিক্ষামূলক কার্যক্রম রয়েছে। আরও তথ্যের জন্য, কল করুন- 1-718-788-1775 অথবা দেখুন- caeny.org।

**কমিউনিটির সাথে সংযোগ**

- AAPI
  - Asian Americans for Equality: 212-979-8381, aafe.org
  - Chhaya for South-Asian and Indo-Caribbean communities: 718-478-3848, chhayacdc.org
  - Korean Family Service Center: 718-460-3800, kafsc.org
  - MinKwon Center for Community Action: 718-460-5600, minkwon.org
  - National Federation of Filipino American Associations New York: 212-684-0542, naffaa.org
  - Sikh Coalition: 516-930-0302, sikhcoalition.org
- আফ্রিকান
  - African Communities Together: 347-746-2281, africans.us
  - African Services Committee: 212-222-3882, africanservices.org
  - Sauti Yetu Center For African Women: 718-665-2486, sautiyetu.us
- আরব/মুসলিম
  - Arab American Association of New York: 718-745-3523, arabamericanny.org
  - Council on American-Islamic Relations of New York: 646-665-7599, cair-ny.org
  - Muslim Community Network: 347-519-2755, mcnny.org
- অক্ষমতা
  - Center for Disability Rights: 585-546-7510, cdrnys.org
  - Disability Rights New York: 518-432-7861, drny.org
- হিসপ্যানিক/ ল্যাতিনো
  - Hispanic Federation: 866-432-9832, hispanicfederation.org
  - Latino Commission on AIDS: 212-584-9325, latinoaids.org
  - Mixteca: 718-965-4795, mixteca.org
  - TransLatinx: 646-882-2000, translatinxnetwork.org
- LGBTQ+
  - Caribbean Equality Project: 347-709-3179, caribbeanequalityproject.org
  - Gay, Lesbian, Bisexual and Transgender Community Center: 212-620-7310, gaycenter.org
  - New York City Gay and Lesbian Anti-Violence Project: 212-714-1141, avp.org
- নেটিভ আমেরিকান ও আলাস্কাবাসী
  - American Indian Community House: 646-575-3638, aich.org
  - North American Indigenous Center of New York: 516-930-0302, naicny.org

# NYS পরিসম্পদ সমূহ



**NYS অফিস অফ ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস**

- সীমিত ইংরাজি জ্ঞান থাকা লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য NYS অফিস অফ ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস ভাষা উপলব্ধতা পরিষেবার ব্যবস্থা করে।
- অনুবাদ ও দোভাষী পরিষেবা পাওয়ার বিষয়ে আপনার অধিকার সম্পর্কে জানতে, দেখুন ogs.ny.gov/know-your-rights
- ভাষা উপলব্ধতার অভিযোগ জানাতে, যান languageaccess.ny.gov/en-US.
- একটি ভাষা উপলব্ধতা টুলকিট পেতে বা ইন্টারপ্রিটেশন কিটের অনুরোধ জানাতে, সহায়ক সংস্থাগুলির জন্য এই প্রশ্নমালা পূরণ করে জমা দিন survey.alchemer.com/s3/8252338/OLA-Questionnaire

**এনওয়াইএস অফিস ফর নিউ আমেরিকানস**

- আপনি বা আপনার পরিচিত জনের যদি বিনামূল্যে আইনি সহায়তার প্রয়োজন হয়, তবে 1-800-566-7636-এ হটলাইনে কল করুন। সমস্ত কলের তথ্য গোপনীয়। 200+ ভাষায় সহায়তা উপলভ্য।

**NYS ডিপার্টমেণ্ট অব হেলথ**

- স্বাস্থ্য কভারেজের জন্য আবেদন করুন: 1-855-355-5777 -এ কল করুন বা nystateofhealth.ny.gov–এ যান।

**NYS অফিস অব মেণ্টাল হেলথ**

- মানসিক স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে প্রশ্নগুলির জন্য বা মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সন্ধানের জন্য, 1-800-597-8481-এ কল করুন বা omh.ny.gov–এ যান।
- ন্যাশনাল সুইসাইড প্রিভেনশন লাইফলাইন: আপনার জীবন বা অন্য কারও যদি আসন্ন বিপদগ্রস্ত হয়ে পড়ে, 911-এ কল করুন। আপনি যদি সংকটে পড়ে থাকেন এবং তাৎক্ষণিক সাহায্যের প্রয়োজন হয় তবে 1-800-273-8255-এ কল করুন বা 741-741-এ “GOT5” টেক্সট করুন।

**গার্হস্থ্য হিংসা প্রতিরোধের জন্য NYS অফিস**

- আপনি বা সম্পর্কে থাকা অন্য কেউ মৌখিক, শারীরিক বা যৌন অত্যাচার বা অন্য কোনও উপায়ে অপর একজন ব্যক্তি দ্বারা শাসিত হলে, NYS ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইনে কল করুন- 1-800-942-6906।
- অনলাইনে একজন অ্যাডভোকেটের সাথে কথা বলতে চাইলে, দেখুন- opdv.ny.gov। বেশীরভাগ ভাষাতেই 24/7 উপলব্ধতা রয়েছে।

**NYS ডিপার্টমেণ্ট অব লেবার**

- ডিপার্টমেণ্ট অব লেবার শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য, মজুরি এবং কাজের পরিস্থিতির সুরক্ষা দিতে এবং উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ।
- মজুরি ও ঘন্টা সম্পর্কিত আইন, কর্মক্ষেত্রের স্বাস্থ্য ও সুরক্ষা সম্বন্ধে তথ্য, বা অভিযোগ দায়ের করার জন্য, 1-888-469-7365-এ কল করুন বা dol.ny.gov/safety-and-health–এ যান।
- বেকার বীমা সম্পর্কে সহায়তার জন্য, 1-888-209-8124-এ কল করুন বা dol.ny.gov/unemployment/ unemployment-insurance-assistance–এ যান।

**NYS মানবাধিকার বিভাগ**

- বয়স, জাতি, জাতীয় উৎস, লিঙ্গ, যৌন অভিমুখ, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, বৈবাহিক স্থিতি, অক্ষমতা, মিলিটারী স্থিতি এবং অন্যান্য শ্রেণীর ভিত্তিতে কর্মসংস্থান, আবাসন, ঋণ, শিক্ষা এবং জনসাধারণের থাকার জায়গার মতো ক্ষেত্রে নিউইয়র্কে হিউম্যান রাইটস আইন বৈষম্যকে নিষিদ্ধ করে।
- আপনার যদি মনে হয় যে, আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে তবে 1-888-392-3644-এ একটি অভিযোগ দায়ের করুন বা dhr.ny.gov–এ যান।

**NYS হাউসিং**

- সাধ্যের মধ্যে বাসস্থান খোঁজার কাজে সহায়তা চাইলে, কল করুন- 1-877-428-8844 অথবা দেখুন- nyhousingsearch.gov।
- নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী হাউসিং লটারি সংক্রান্ত তথ্য পেতে, কল করুন-212-863-7990 অথবা দেখুন- housingconnect.nyc.gov।
- নিউ ইয়র্ক রাজ্যে ভাড়াটিয়ার অধিকার সম্পর্কে আরও তথ্য পেতে, দেখুন- ag.ny.gov/publications/residential-tenants-rights-guide।

**NYS অফিস অফ ভিক্টিম সার্ভিসেস**

- আপনি বা আপনার চেনা কেউ হিংসামূলক অপরাধের শিকার হলে, NYS অফিস অফ ভিক্টিম সার্ভিসেস চিকিৎসার বিল ও কাউন্সেলিং-এর খরচ, মৃতদেহ কবর দেওয়া ও অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ, নষ্ট হওয়া মজুরী ও অন্যান্য সহায়তা দিতে পারবে। আরও জানতে কল করুন- 1-800-247-8035 অথবা দেখুন- ovs.ny.gov।

এই নথিটি অনলাইনে অথবা অন্য ভাষাগুলিতে দেখার জন্য দেখুন nyic.org/KYR অথবা এই কোড স্ক্যান করুন:

এই টুলকিট বা এতে থাকা তথ্য সম্পর্কে আপনার যদি প্রশ্ন বা মন্তব্য থাকে তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন:
Bryan Lee – blee@nyic.org

আপনার আশেপাশের সংস্থার জন্য একটি বিনামূল্যের “আপনার অধিকার জানুন” সেশনের ব্যবস্থা করতে kyr@nyic.org-এ যোগাযোগ করুন।

নিউইয়র্ক ইমিগ্রেশন কোয়েলিশন (NYIC) হল, একটি আমব্রেলা পলিসি এবং অ্যাডভোকেসি সংস্থা যা পুরো নিউইয়র্কের 200 টিরও বেশি অভিবাসী এবং শরণার্থী অধিকার গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে।

আমরা একটি নিউ ইয়র্ক স্টেট কল্পনা করি যা আরও শক্তিশালী কারণ সমস্ত মানুষেরা সেখানে স্বাগত, তাদের প্রতি ন্যায্য আচরণ করা হয় এবং তাদের স্বপ্ন অনুসরণ করার সুযোগ দেওয়া হয়। আমাদের লক্ষ্য হ'ল অভিবাসী, সদস্য এবং মিত্রদের ঐক্যবদ্ধ করা যাতে সমস্ত নিউ ইয়র্কের অধিবাসীবৃন্দ সমৃদ্ধ হতে পারে।

NYIC

**New York Immigration Coalition**
131 W 33rd St, Ste 610
New York, NY 10001
212 627 2227
nyic.org